আজকের কাগজ

তারিখ 04 JUL 1995
পৃষ্ঠা ৭ কলাম ৭

## দুর্নীতি

বিপ্লব রহমান ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (আইইআর) এ চরম অনিয়ম-অব্যবস্থাপনা চলছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের সমস্ত নিয়ম-কানুন ভঙ্গ করে ভিসির অনুমতি এবং টেন্ডার ছাড়াই ১ লাখ টাকার বই লাইব্রেরীর জন্যে কেনা হয়েছে। উপরন্তু শতকরা ২৫ থেকে ৩০ ভাগ কমিশনের জায়গায় মাত্র ১০ ভাগ কমিশনে এ বইগুলো কেনা হয়েছে-যা প্রথমে নামমাত্র ৪ ভাগ কমিশনে কেনার প্রস্তাব করা হয়েছিলো। ফলে কর্তপক্ষের গাফিলতির জন্যে আইইআর-এর হাজার হাজার টাকা গচ্চা যাবে।

সূত্র জানায়, অনিময়-অব্যবস্থাপনার এখানেই শেষ নয়। গবেষণামূলক প্রতিষ্ঠান হলেও এর লাইব্রেরীতে পর্যাপ্ত বই, নতুন জার্নাল, নতুন বই, দৈনিক পত্রিকার ফাইল, এমনকি ফটোকপি মেশিনও নেই। লাইব্রেরীর অডিও-ভিজুয়াল সেকশনও শুধুমাত্র অব্যবস্থাপনার কারণে দীর্ঘদিন ধরে বন্ধ রয়েছে। কোটি টাকার সম্পদ নষ্ট হচ্ছে এই সেকশনে। এসব কারণে ছাত্র-ছাত্রীসহ শিক্ষক-কর্মচারিদের মধ্যে ব্যাপক অসন্তোষ রয়েছে বলে জানা গেছে।